দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 26 1999
পৃষ্ঠা ৩ কলাম ৭




*ইনকিলাব ।। মাদ্রাসা বন্ধ, কোরআনের অবমাননা এবং ইসলামের বিরুদ্ধে সুগভীর ষড়যন্ত্রের প্রতিবাদে ইসলামী ছাত্র শিবির গতকাল রাজধানীতে বিক্ষোভ মিছিল বের করে।*

# জাতীয় চরিত্র ধ্বংসের অভিপ্রায়েই মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র চলছে

—ছাত্র শিবির

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের সেক্রেটারী জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের বলেছেন, যে মুহূর্তে দেশের যুব সমাজ নৈতিকতার সংকটে নিপতিত সে মুহূর্তে মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের মাধ্যমে ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার প্রমাণ করেছেন জাতীয় চরিত্র ধ্বংসের মাধ্যমে দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব নস্যাৎ করাই তাদের প্রধান লক্ষ্য। তিনি গতকাল সাড়ে চার হাজার মাদ্রাসার এমপিওভুক্তি বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহার এবং মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র থেকে বিরত থাকার দাবীতে ঘোষিত বিভাগীয় শহরসমূহে বিক্ষোভ কর্মসূচীর অংশ হিসেবে ঢাকায় এক বিক্ষোভ সমাবেশে সভাপতির বক্তব্য রাখছিলেন। পল্টন মসজিদের সামনে আয়োজিত এ বিক্ষোভ সমাবেশে অন্যান্যের মাঝে বক্তব্য রাখেন শিবির নেতা সাইফুর রহমান, ফখরুল ইসলাম, মফিজুল ইসলাম, আ.স.ম. ফারুক, আবদুল্লাহ আল আরিফ, আমিনুল ইসলাম, আশরাফ মাহমুদ উজ্জ্বল প্রমুখ।

এহসানুল মাহবুব জুবায়ের বলেন, নৈতিকতার উন্নতির জন্য ইসলামী শিক্ষার কোন বিকল্প নেই। মাদ্রাসাসমূহ এদেশে ইসলামী শিক্ষার ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। আর আওয়ামী লীগ যেহেতু ইসলাম, ইসলামী মূল্যবোধ ধ্বংসে সর্ব সময় নেতৃত্ব দিয়ে এসেছে, তাই তারা আজো মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র শুরু করেছে। তিনি বলেন, এই সরকারের আমলেই বিশ্ববিদ্যালয়সমূহে মাদ্রাসা ছাত্রদের ভর্তি নিয়ে নানা কূটচাল চালা হয়েছে যাতে তরুণ প্রজন্ম আর মাদ্রাসা শিক্ষায় আগ্রহী না হয়। বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মুসলিম দেশের একটি সরকারের এই আচরণ ক্ষমার অযোগ্য। তিনি অবিলম্বে সরকারকে মাদ্রাসা শিক্ষা ধ্বংসের চক্রান্ত থেকে ফিরে আসার আহবান জানান।